# ইসাদ ষান্মাসিক কার্যক্রম বুলেটিন

জানুয়ারি - জুন ২০২৬ | ১ম সংখ্যা

## সম্পাদকীয়

এক্স শাহীনস্ এসোসিয়েশন ঢাকা (ইসাদ) এর নির্বাহী কমিটি ২০২৬-২০২৭ বিগত ০৬ ডিসেম্বর ২০২৫ তারিখে নির্বাচিত হবার পর আনুষ্ঠানিকভাবে মিলিত হন। নব নির্বাচিত কমিটি পূর্বের ধারাবাহিকতা






বজায় রেখে ইসাদের কার্যক্রম এগিয়ে নিতে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। ইসাদের বিবিধ কার্যক্রমের মধ্য দিয়ে বিগত ৬ মাসে শাহীন পরিবারের বন্ধন আরও সুদৃঢ় হয়েছে।

**প্রাক্তন শিক্ষার্থীদের মিলনমেলা ও নেটওয়ার্কিং, সেবামূলক কাজ ও শিক্ষকদের প্রতি শ্রদ্ধা নিবেদন**- এই ৩টি লক্ষ্য নিয়েই ইসাদ কাজ করে যাচ্ছে।

ইসাদ সদস্যদের আন্তরিক অংশগ্রহণ এবং শাহীন স্পন্সরদের সহযোগিতার জন্য সাধুবাদ জানাই।

## মূল কার্যক্রমসমূহ - হাইলাইটস

### ক. পুনর্মিলনী ও মিলনমেলা

**কলেজ প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন**

১ মার্চ ২০২৬ বিএএফ শাহীন কলেজ ঢাকা এর ৬৬তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়। উক্ত




অনুষ্ঠানে বর্তমান ও প্রাক্তনসহ মোট ৬৫০ জন শিক্ষক-শিক্ষিকা অংশগ্রহণ করেন। প্রতিষ্ঠা বার্ষিকীর আনন্দে একাত্মতা জানাতে ইসাদের পক্ষ



থেকে শিক্ষকদের জন্য ইফতার ও ডিনার বাবদ আপ্যায়ন ব্যয় বহন করা হয়। এছাড়া কলেজ শিক্ষার্থীদের জন্য খেলাধুলার সামগ্রী উপহার দেয়া হয়।

## বার্ষিক ইফতার আয়োজন ২০২৬

৬ মার্চ ২০২৬ শাহীন হলে বার্ষিক ইফতার প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। বর্তমান ইসাদ নির্বাহি কমিটির দায়িত্ব গ্রহনের পর এটাই প্রথম আয়োজন ছিল। অনুষ্ঠানে ইফতার ও ডিনার আয়োজনের পাশাপাশি ইসাদ সদস্য বৃন্দ, শিক্ষক ও শাহীন পরিবারের জন্য বিশেষ দোয়া করা হয়। উক্ত অনুষ্ঠানে নিবন্ধিত ২৫৭ জন ও কতিপয় আমন্ত্রিত অতিথি অংশগ্রহণ করেন।





## বর্ষবরণ ১৪৩৩

ইসাদ নির্বাহি কমিটি ১৪ এপ্রিল, কলেজ প্রাঙ্গনে পহেলা বৈশাখ ১৪৩৩ উদযাপন করে।



পহেলা বৈশাখে সদস্যদের পরিবারসহ মিলনমেলা, বিশেষ বৈশাখী ভোজ, হালখাতা উদ্বোধন ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে বাচ্চাদেরকে বিশেষ বৈশাখী উপহার দেয়া হয়। স্কুল কর্তৃপক্ষ আয়োজিত বৈশাখী মেলায় ইসাদের পক্ষ থেকে ঘোড়ার গাড়ি, পুতুল নাচ ও সাপ খেলা প্রদর্শনের ব্যবস্থাও করা হয়। অনুষ্ঠানে বৈশাখী হাল খাতা খোলা হয় এবং সদস্যদের বকেয়া বার্ষিক ফী পরিশোধের জন্য আকর্ষনীয় উপহারের ব্যবস্থা রাখা হয়। বৈশাখী আয়োজনে মোট নিবন্ধিত ৩২১ জন অংশগ্রহণ করে।







## ঈদ পুনর্মিলনী ২০২৬ ও ১০০ গরুর গোস্ত সমেত খিচুড়ি উৎসব

ঈদ উল আযহা উপলক্ষে ২০শে জুন অনুষ্ঠিত হয় ইসাদ ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান ২০২৬। এই অনুষ্ঠানের মূল আকর্ষণ হলো ১০০ গরুর গোস্ত। জনপ্রিয় এই আয়োজনে নিবন্ধনকৃত অধিকাংশ ইসাদ সদস্য কমপক্ষে ১ কেজি পরিমাণ কুরবানির গোস্ত জমা দেয়। আর এভাবেই যোগাড় হয় ১০০ গরুর গোস্ত।



অনুষ্ঠানে ১৯৬৬, ১৯৬৭ এবং ১৯৭৩ সালের এসএসসি ব্যাচের আপু ভাইয়াদের উপস্থিতি এবারের  আয়োজনে এক ভিন্ন মাত্রা যোগ করেছে । আকর্ষণীয় এই অনুষ্ঠানে প্রায় ২৫০ জন সদস্য অংশগ্রহণ করেন।





## বিগত ইসাদ নির্বাহী কমিটির বিদায় সম্বর্ধনা

২০শে জুন নির্বাহী কমিটি ২০২৪-২০২৫ সদস্যদের ফুল ও ক্রেস্ট প্রদানের মাধ্যমে আনুষ্ঠানিক বিদায়ী সংবর্ধনা জানানো হয়।



## খ. ২০২৬-২০২৭ নির্বাহী কমিটির সভা

গত জানুয়ারী ৫, ২০২৬ ইসাদ নব নির্বাচিত নির্বাহী কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়। ইতিমধ্যে যথারীতি প্রতিমাসে একটি করে মোট ৬টি ইসি সভা অনুষ্ঠিত হয়। এছাড়াও বিভিন্ন ইভেন্ট আয়োজনের জন্য ৬ মাসে মোট ১২টি প্রস্তুতি মূলক সভা (অনলাইনসহ) অনুষ্ঠিত হয়। ১৭ সদস্য বিশিষ্ট নির্বাহী কমিটি সভায় অংশগ্রহণ ও ইভেন্ট আয়োজনে আনুমানিক মোট ৮৬৭ জন ঘন্টা* ব্যয় হয় ।



১৭ জন ইসি সদস্য-৬টি ইসি সভায় ২ ঘন্টা হিসাবে ২০৪ ঘন্টা+ ১২টি অনলাইন সভায় ২ ঘন্টা হিসাবে ৪০৮ ঘন্টা, ৩ টি বড় ইভেন্টে ৫ ঘন্টা হিসাবে ২৫৫ ঘন্টা= সর্বমোট ৮৬৭ জন-ঘন্টা

## গ. সেবা ও কল্যাণমূলক কাজ

**শিক্ষক সম্মাননা:** কলেজ প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষে বর্তমান ও অবসরপ্রাপ্ত মোট ৬৫০ জন শিক্ষককে ইফতার ও নৈশভোজে আপ্যায়নের ব্যবস্থা করা হয়।



**বিএএফ শাহীন কলেজ ঢাকা এর কর্মচারীদের মাঝে পবিত্র রমজান এর উপহার বিতরণ**

ফেব্রুয়ারী ১৭, ২০২৬ তারিখ এ ইসাদের পক্ষ থেকে কলেজের ১২০ জন কর্মচারীদের মাঝে রমজান উপলক্ষে নিত্য প্রয়োজনীয় সামগ্রী বিতরণ করা হয়। এই সময় বিএএফ শাহীন কলেজ ঢাকা এর সম্মানিত অধ্যক্ষ মহোদয় ও সিনিয়র শিক্ষকগণ উপস্থিত ছিলেন।



**শিক্ষা সহায়তা কার্যক্রম:** আর্থিকভাবে অসচ্ছল শাহীন কলেজের ২ জন বর্তমান শিক্ষার্থীকে সহায়তা প্রদান করা হয়।

**গোল্ডেন ঈগল প্রি-স্কুলের কর্মকর্তাদের মাঝে পবিত্র রমজান এর উপহার বিতরণ**

ফেব্রুয়ারী ২৪, ২০২৬ তারিখ এ ইসাদের পক্ষ থেকে গোল্ডেন ঈগল প্রি-স্কুলের ৬০ জন কর্মচারীদের মাঝে রমজান এর উপহার বিতরণ করা হয়। এই সময় গোল্ডেন ঈগল প্রি-স্কুলের এর সম্মানিত অধ্যক্ষ মহোদয় ও সিনিয়র শিক্ষকগণ উপস্থিত ছিলেন।



**৬ষ্ঠ বিএএফএসডি জাতীয় বিজ্ঞান উৎসব ১৪-১৫ মে, ২০২৬**

১৪ই মে ২০২৬ তারিখ এ বি এ এফ শাহীন কলেজ ঢাকা দুই দিন ব্যাপি আন্তঃ স্কুল বিজ্ঞান মেলার আয়োজন করে।



ইসাদ এর পক্ষ থেকে বিজ্ঞান মেলায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য ১,৩০০ টি-শার্ট প্রদান করা হয়।

## এক্স শাহীন ভলান্টিয়ার গ্রুপ গঠন ও প্রশিক্ষণ প্রদান

বর্তমানে বিশ্ববিদ্যালয় পড়ুয়া কতিপয় আগ্রহী এক্স-শাহীন ইসাদ অনুষ্ঠানে



ভলান্টিয়ার হিসেবে দায়িত্ব পালন করে। তাদের উপযুক্ত প্রশিক্ষণ ও সার্টিফিকেট প্রদান করা হয়।

## ঘ. কমিউনিটি নেটওয়ার্কিং

❖ নির্বাহী কমিটি বিএএফ শাহীন কলেজ ঢাকার সম্মানিত অধ্যক্ষ মহোদয়ের সাথে ইসাদ নির্বাহী কমিটির আনুষ্ঠানিক পরিচিত হয়। এ সময় সহ-অধ্যক্ষগণ উপস্থিত ছিলেন।



ইসাদের কার্যক্রম ও পরিকল্পনা বাস্তবায়নে কলেজ কর্তৃপক্ষের সহযোগিতার বিষয়ে আলোচনা হয়।

❖ নির্বাহী কমিটি ইসাদ সদস্যদের সাথে নিয়মিত মতবিনিময় করেন। ইসাদের ৩ জন প্রাক্তন সভাপতি ও কতিপয় ব্যাচ প্রতিনিধিদের সাথে সংগঠনের নানাবিধ সমস্যা ও ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে আলোচনা হয়।

❖ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ২১শে ফেব্রুয়ারিতে কলেজ প্রাঙ্গণে অবস্থিত শহীদ মিনারে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।



❖ অবসরপ্রাপ্ত শিক্ষক সমিতির অনুষ্ঠানে নির্বাহী কমিটিসহ প্রাক্তন সভাপতি ও সেক্রেটারিগণ অংশগ্রহণ করেন ও কেক উপহার দেন।









## ঙ. সাংগঠনিক ও ডিজিটাল উদ্যোগ

✓ মেম্বার ডাটাবেস আপডেট করার কাজ চলমান রয়েছে। ৩২০০+ প্রাক্তন শিক্ষার্থীর তথ্য ডিজিটাল ডাটাবেসে সংরক্ষণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

✓ সাধারণ মেম্বারগণ কর্তৃক বার্ষিক চাঁদা প্রদান নিয়মিত করণের জন্য উদ্দ্যোগ নেয়া হয়েছে।

✓ ইসাদের ষান্মাসিক আয়-বায়ের হিসাব যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে।

✓ ৩২০০+ সদস্য/ অবসরপ্রাপ্ত শিক্ষক/ স্পন্সরদের পৃথক হোয়াটস আপ গ্রুপ তৈরি ও ব্যবহার করা হচ্ছে।

✓ অফিসিয়াল ফেসবুক পেইজের রিচ বৃদ্ধি পেয়েছে, নিয়মিতভাবে ইসাদ ইভেন্টের বর্ননা সহ ফটো এলবাম আপলোড করা হচ্ছে।

✓ ইসাদ ওয়েবসাইট আপডেট, আধুনিকায়ন ও সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং ৬ই মার্চ ২০২৬ সদস্যদের মাঝে প্রজেন্টেশন প্রদান করা হয়।

✓ বিভিন্ন আন্তর্জাতিক ও জাতীয় দিবস উপলক্ষে ইসাদ সদস্যদেরকে ডিজিটাল শুভেচ্ছা কার্ড প্রেরন করা হচ্ছে ।

✓ সদস্যদের জ্ঞাতার্থে প্রোগ্রাম ও রেজিস্ট্রেশন সংক্রান্ত ঘোষণা কার্ড প্রেরণ করা হচ্ছে ।

## ৩. পরিসংখ্যান এক নজরে

| বিষয় | সংখ্যা |
|---|---|
| আয়োজিত বৃহৎ অনুষ্ঠান | ৩টি |
| অংশগ্রহণকারী সদস্য সর্বমোট | ৮২৮ জন |
| অংশগ্রহণকারী শিক্ষক | ৬৫০ জন |
| কলেজ কর্মচারীদের উপহার প্রদান | ১৮০ জন |
| আর্থিক সহযোগিতা প্রদান | ১ জন ইসাদ সদস্য ও ২ জন শিক্ষার্থী |
| ১৭ সদস্য বিশিষ্ট্য ইসাদ নির্বাহী কমিটির মোট ভলান্টিয়ার জন-ঘন্টা | ৮৬৭ জন ঘন্টা |


## ৪. পরবর্তী ইভেন্ট পরিকল্পনা - জুলাই থেকে ডিসেম্বর ২০২৬

- **জুলাই:**
  - ইসাদ চিত্রাংকন প্রতিযোগিতা ও বৃক্ষবিতরণ কর্মসূচি ২০২৬-বর্ষা ও বৃক্ষ আয়োজন
- **আগস্ট:**
  - বন্যা পীড়িত মানুষের জন্য ফান্ড গঠন
- **সেপ্টেম্বর:**
  - রক্তদান ক্যাম্প ও শিক্ষার্থীদের স্যাম্পল ব্লাড টেস্ট
- **অক্টোবর:**
  - ইসাদ সদস্য কর্তৃক কলেজ শিক্ষার্থীদের জন্য উচ্চশিক্ষা ও পেশা নির্বাচন বিষয়ক ক্যারিয়ার কাউন্সিলিং আয়োজন।
- **নভেম্বর:**
  - সুবিধাবঞ্চিতদের মাঝে শীতবস্ত্র বিতরণ
- **ডিসেম্বর:**
  - বার্ষিক সাধারণ সভা ও নৈশভোজ অনুষ্ঠান ।



## ৫. কৃতজ্ঞতা স্বীকার

বিএএফ শাহীন কলেজ কর্তৃপক্ষ, বর্তমান ও অবসরপ্রাপ্ত শ্রদ্ধেয় শিক্ষকবৃন্দ, সম্মানিত ইসাদ সদস্যবৃন্দ ও সর্বোপরি শাহীন স্পন্সরবৃন্দের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা। আপনাদের সার্বিক সহযোগিতা ও পৃষ্ঠপোষকতা ছাড়া এই সাফল্য অর্জন করা সম্ভব ছিল না।



💙**PROUD TO BE BLUE**💙

# এক নজরে ২০২৬

| 2026 | Event |
|---|---|
| January | 1st EC Meeting for Introduction |
| February | Gift Distribution to BAFSD & GE staff |
| March | Shaheen Foundation day & ESAD Iftaar |
| April | Pohela Boisak Program 1433 |
| May<br>June | Kichuri Utsav & Eid Reunion |
| July | Art Competition & Tree Palantation |
| August | Flood Donation Program |
| September | Blood Donation Program |
| October | Education & Career counselling |
| November | Winter Cloth's Distribution |
| December | AGM & Dinner Program |

# আমাদের সম্মানিত পৃষ্ঠপোষকগণ

GREEN DELTA SECURITIES · imprint Dhaka LTD · TROPICAL HOMES · GALAXY · SMG · agni

Shaheen Batch 78/80 79/81 84/86 87/89 89/91 95/97 · Bay · AWC A. WAHAB & CO. Chartered Accountants · PARTEX BEVERAGE · iK